গোয়ায় প্রার্থী হচ্ছেন না ফালেরিও তৃণমূল ছাড়ার খবর গুজব দাবি তাঁর

পানাজি: বিধানসভা ভোটে লড়ছেন না রাজ্যের ২ বারের মুখ্যমন্ত্রী লুইজিনহো ফালেরিও। শুক্রবার সাংবাদিক বৈঠক করে নিজেই এ কথা ঘোষণা করেছেন তৃণমূলের সর্বভারতীয় সহসভাপতি। গোয়ায় তৃণমূল কংগ্রেসের প্রার্থী তালিকা অনুযায়ী ফতোরদা কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করার কথা ছিল ফালেরিওর। এরমধ্যেই ফতোরদা কেন্দ্রে ফালেরিও বদলে নতুন প্রার্থীর নাম ঘোষণা করেছে তৃণমূল কংগ্রেস। সিওলা আভিলিয়া ভাসকে প্রার্থী করা হয়েছে। পেশায় আইনজীবী আভিলিয়াকে প্রার্থী করে দল নারী ক্ষমতায়ণের বার্তা দিল বলে দাবি করেছেন ফালেরিও। গোয়ায় তৃণমূলের সবথেকে হেভিওয়েট প্রার্থী ছিলেন লুইজিনহো ফালেরিও। গোয়ার রাজনীতিতে তাঁর প্রভাব অনস্বীকার্য। তৃণমূলে যোগ দেওয়ার পর তাঁকে রাজ্যসভার সাংসদও করেছে দল। তৃণমূল নেতৃত্ব মনে করছে, গোয়ায় নির্বাচনের আগে সাংগঠনিক কাজ ও প্রচারে ফালেরিওকে আরো বেশি করে প্রয়োজন। এদিন সাংবাদিক বৈঠকে ফালেরিও নিজেও দাবি করেছেন, দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আলোচনা করেই এই সিদ্ধান্ত নিয়েছেন তিনি। গোয়াজুড়ে দলের বাকি প্রার্থীদের সমর্থনে আরো বেশি করে সময় দিতে চান বলেও জানিয়েছেন তিনি। উল্লেখ্য, আগামী ১৪ ফেব্রুয়ারি গোয়ায় বিধানসভা নির্বাচন।

পাশাপাশি, সর্বভারতীয় ক্ষেত্রে অন্যান্য রাজ্যেও তাঁকে কাজে লাগাতে চায় দল। তার ওপরে তিনি রাজ্যসভার সাংসদ। তাই একটি বিধানসভা কেন্দ্রে প্রার্থী করে ফালেরিওর মতো নেতাকে সীমাবদ্ধ করে দিলে তাতে দলেরই ক্ষতি হবে বলে মনে করছে তৃণমূল নেতৃত্ব। গোয়ায় তৃণমূল কংগ্রেস থেকে গত কয়েকদিনে বেশ কয়েকজন নেতা পদত্যাগ করেছেন। ফালেরিওকে নিয়েও সেরকমই জল্পনা ছড়ায়। যদিও বৃহস্পতিবার রাতে নিজেই ট্যুইট করে সেই জল্পনাকে নস্যাৎ করে দিয়েছেন ফালেরিও। ট্যুইটারে তিনি লেখেন, 'তৃণমূল থেকে আমার ইস্তফার যে গুজব ছড়িয়েছে, তা ঠিক নয়। গোয়ায় তৃণমূলের প্রতি মানুষের সমর্থন দেখে যাঁরা সঙ্কটে পড়েছেন, তাঁরাই এই মিথ্যে প্রচার চালাচ্ছেন। গোয়ায় তৃণমূলই একমাত্র দল যারা গোয়ার জন্য লড়াই করবে ও জয়ী হবে।' গোয়া বিধানসভার ৪০টি আসনের জন্য এমজিপি'র সঙ্গে জোট বেঁধে লড়ছে তৃণমূল। ৩১টি আসনে প্রার্থী দেবে তারা। —পিটিআই

৪ পুরনিগমের ভোট গণনা হবে ১৪ ফেব্রুয়ারি

সুখবর ব্যুরো, কলকাতা : ৪ পুরনিগমের ভোট গণনা হবে ১৪ ফেব্রুয়ারি। আগামী ১২ ফেব্রুয়ারি বিধাননগর, চন্দননগর শিলিগুড়ি ও আসানসোল পুরনিগমের ভোটের দিন ঘোষণা হয়েছিল আগেই। তবে গণনার দিন তখন জানায়নি রাজ্য নির্বাচন কমিশন। শুক্রবার বিজ্ঞপ্তি জারি করে রাজ্য নির্বাচন কমিশন জানিয়েছে, ৪ পুরনিগমের ভোট গণনা হবে ১৪ ফেব্রুয়ারি। করোনা সংক্রমণ বেলাগাম ভাবে বাড়তে থাকায় ৩ সপ্তাহ পিছিয়ে দেওয়া হয় পুরভোট। ২২ জানুয়ারির বদলে ১২ ফেব্রুয়ারি বিধাননগর, আসানসোল, চন্দননগর ও শিলিগুড়ি পুরনিগমের ভোট হবে বলে ১৫ জানুয়ারি জানিয়েছিল কমিশন। বিজ্ঞপ্তি অনুযায়ী ১২ ফেব্রুয়ারি সকাল ৭টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোট হবে। গণনা হবে ১৪ ফেব্রুয়ারি। শুক্রবার বিজ্ঞপ্তিতে ইভিএম রাখার জন্য স্ট্রং রুম ও গণনা কেন্দ্র নির্দিষ্ট করার জন্য রাজ্য নির্বাচন কমিশন মিউনিসিপাল রিটার্নিং অফিসারদের নির্দেশ দিয়েছে। কমিশন জানিয়েছে, প্রতিটি পুরনিগমের ভোট সংশ্লিষ্ট এলাকায় একটি নির্দিষ্ট কেন্দ্রে গণনা হবে। করোনা পরিস্থিতিতে পুরভোটের প্রচারে রাশ টেনেছে কমিশন। পুরভোটের প্রচারে তারস্বরে মাইক বা লাউড স্পিকার ব্যবহার করা যাবে না বলে নির্দেশ দিয়েছে রাজ্য নির্বাচন কমিশন। সকাল ৮টা থেকে রাত ৯ টা পর্যন্ত সীমিতভাবে লাউড স্পিকার ব্যবহার করা যাবে। বাইক মিছিল বা রোড শো করা যাবে না। প্রার্থী-সহ মোট ৫জন লোক নিয়ে বাড়ি বাড়ি প্রচার করা যাবে। কোন হল বা অডিটোরিয়ামে মোট জনসংখ্যার অর্ধেক নিয়ে সভা করা যাবে। ভোট প্রচারে করোনাবিধি না মানলে কড়া ব্যবস্থা নেওয়ার নির্দেশও দিয়েছে কমিশন। রাজনৈতিক দলের নেতাকর্মীরা বিধি ভঙ্গ করলে বিপর্যয় মোকাবিলা আইন ও মহামারি আইনে ব্যবস্থা নেওয়া হবে।

৬ মাসের সন্তানকে রেখে আত্মঘাতী ইয়েদিয়ুরাপ্পার নাতনি, শোকের ছায়া

বেঙ্গালউরু : ৬ মাসের শিশু সন্তানকে রেখে আত্মঘাতী হলেন কর্নাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা বিএস ইয়েদিয়ুরাপ্পার নাতনি সৌন্দর্য। মর্মান্তিক এ ঘটনায় শোকের ছায়া ইয়েদির পরিবারে। মাত্র ৩০ বছর বয়স সৌন্দর্যর। তাঁর ৬ মাসের একটি শিশু সন্তান রয়েছে। শুক্রবার গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী হন তিনি। তাঁর দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য বাওরিং হাসপাতালে পাঠিয়েছে পুলিশ। এই দুঃসংবাদ পাওয়ার পর প্রাক্তন মুখ্যমন্ত্রীর বাড়িতে হাজির হন কর্নাটকের মুখ্যমন্ত্রী বাসবরাজ বোম্মাই, একাধিক মন্ত্রী ও রাজ্য বিজেপির বিভিন্ন স্তরের নেতানেত্রী।

পুলিশ সূত্রে খবর, বেঙ্গালউরু সেন্ট্রালে মাউন্ট কারমেল কলেজের কাছে একটি অভিজাত অ্যাপার্টমেন্টে স্বামীর সঙ্গে থাকতেন বিএস ইয়েদিয়ুরাপ্পার নাতনি সৌন্দর্য। সৌন্দর্য ও তাঁর স্বামী ২ জনেই পেশায় চিকিৎসক। মাত্র ২ বছর আগে বিয়ে হয় তাঁদের। সৌন্দর্যর ৬ মাসের সন্তান রয়েছে। সূত্রের খবর, সন্তানের জন্ম দেওয়ার পর থেকে তিনি অবসাদে ভুগছিলেন। সেই মানসিক অস্থিরতা থেকেই এই সিদ্ধান্ত নিয়ে নেওয়ার সম্ভাবনা থাকতে পারে বলে মনে করা হচ্ছে। বেঙ্গালউরুর এম এস রামাইয়া হাসপাতালে কর্মরত ছিলেন সৌন্দর্য। —পিটিআই

আর্ক ফিনান্স লিমিটেড
CIN : L51909WB1982PLC035283
১৮, রবীন্দ্র সরণি, পোদ্দার কোর্ট, গেট নং ৪, চতুর্থ তল, রুম নং - ৩, কলকাতা - ৭০০০০১
৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ
(ই পি এস ব্যতীত লাখ টাকায়)

বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২১	বিগত বছরের সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২০	বিগত সমাপ্ত বছর ৩১.০৩.২০২১
কাজ থেকে মোট আয় (প্রকৃত)	৪৭৮.৭৬	২৪.৫২	৪১৯.০৯
কর দেওয়ার পর সাধারণ কার্যক্রম থেকে প্রকৃত লাভ / (ক্ষতি)	২২.৯৩	(৪৩.৬৫)	১৮.৬০
কর দেওয়ার পর প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পর)	২২.৯৩	(৪৩.৬৫)	১৮.৬০
ইকুটি শেয়ার মূলধন	৫০৪৯.৫০	৫০৪৯.৫০	৫০৪৯.৫০
মজুত (বিগত আর্থিক বর্ষের ব্যালান্স সীট অনুযায়ী পুর্ণমূল্যায়ন সরক্ষ ব্যতীত সংরক্ষণ)	-	-	-
শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে)			
মূল	০.০৪৫	(০.০৮৬)	০.০৩৭
লঘুকৃত	০.০৪৫	(০.০৮৬)	০.০৩৭

দ্রষ্টব্য : সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল।

আর্ক ফিনান্স লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
আশিস ব্যানার্জি
ডিরেক্টর
DIN : 5273668
স্থান : কলকাতা
তারিখ : ২৮.০১.২০২২

দিল্লিতে থামানো হল কপ্টার, ক্ষুব্ধ অখিলেশ বললেন, 'বিজেপির চক্রান্ত'

সুখবর ব্যুরো, নয়াদিল্লি : দিল্লি থেকে হেলিকপ্টারে উত্তর প্রদেশের মুজফফরনগরে একটি রাজনৈতিক কর্মসূচিতে যোগ দিতে যাওয়ার কথা ছিল তাঁর। কিন্তু তাঁর কপ্টার থামিয়ে রাখা হয়। শুক্রবার এমন অভিযোগই করলেন সমাজবাদী পার্টির (এসপি) সভাপতি অখিলেশ যাদব। তাঁর অভিযোগ, শুক্রবার দুপুরে উড়ানের আগে কোনো কারণ ছাড়াই তাঁর কপ্টারটি থামানো হয়। কিন্তু এক বিজেপি নেতার কপ্টার উড়ে যায়। এই ঘটনাকে 'বিজেপির রাজনৈতিক ষড়যন্ত্র' বলেন তিনি। পাশাপাশি অখিলেশ বলেন, এই ঘটনা বিজেপির হতাশাকেই প্রকাশ করছে। নেটমাধ্যমে একটি ছবিও পোস্ট করেছেন অখিলেশ। শুক্রবার দুপুর আড়াইটের সেই পোস্টে দেখা যাচ্ছে, বিমানবন্দরের রানওয়েতে রাখা হেলিকপ্টারের সামনে দাঁড়িয়ে রয়েছেন তিনি। এই ঘটনার জেরে অখিলেশের উড়ানে প্রায় আধ ঘণ্টা দেরি হয় বলে সমাজবাদী শিবিরের অভিযোগ।

হতাশা থেকেই বিজেপি সরকার তাঁর কপ্টার আটকেছে অভিযোগ করে অখিলেশের ট্যুইট, 'মানুষ সবই দেখছে।' যদিও বিজেপির তরফে এর কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। এদিন মুজফফরনগরে এসপির নির্বাচনি শরিক আরএলডির জয়ন্ত চৌধুরির সঙ্গে জনসভা ছিল অখিলেশের।

ওমিক্রন নয়, এখন করোনার বিপজ্জনক প্রজাতি নিওকভ, দাবি চিনা বিজ্ঞানীদের

সুখবর ব্যুরো, নয়াদিল্লি: গোটা পৃথিবী যখন করোনার ওমিক্রন ভ্যারিয়ান্টে ত্রস্ত তখন চিনা বিজ্ঞানীরা নয়া উদ্বেগের কথা শুনিয়েছেন। নিওকভ নামে নতুন এক ভ্যারিয়ান্টের হদিশ পেয়েছেন বিজ্ঞানীরা। এই ভ্যারিয়ান্টের সঙ্গে মিল রয়েছে 'মিডল ইস্ট রেসপিরেটরি সিন্ড্রম-এর সঙ্গে। ২০১২ ও ২০১৫ সালে মধ্য এশিয়ায় ছড়িয়েছিল মার্স-কভ। বিজ্ঞানীদের দাবি, নিওকভের মৃত্যুহার মার্স-কভের মতোই অত্যন্ত বেশি। করোনার মতোই সংক্রমণের হারও বেশি থাকতে পারে নতুন ভ্যারিয়ান্টে। এদিকে, দেশে সক্রিয় রোগীর সংখ্যা কমে হয়েছে ২১.০৫ লাখ। শুক্রবার একথা জানিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক। গত ২৪ ঘণ্টায় আক্রান্তের সংখ্যা ২.৫১ লাখের বেশি। দৈনিক পজিটিভিটির হার ১৫.৮৮%। একদিনে সুস্থ হয়ে উঠেছেন ৩.৪৭ লাখ রোগী। সুস্থতার হার ৯৩.৮০%। তবে একদিনে মৃত্যু হয়েছে ৬২৭ জনের। যদিও দেশে মৃত্যুহার ১.২১%, যা গোটা বিশ্বের মধ্যে সর্বনিম্ন বলে দাবি কেন্দ্রের।

মহারাষ্ট্রে ১২ বিধায়কের সাসপেনশন অসাংবিধানিক স্পিকারের নির্দেশ খারিজ করল সুপ্রিম কোর্ট

সুখবর ব্যুরো, নয়াদিল্লি : মহারাষ্ট্র বিধানসভা থেকে ১২ জন বিধায়ককে সাসপেন্ড করার সিদ্ধান্তকে 'অসাংবিধানিক ও বেআইনি' বলল সুপ্রিম কোর্ট। ওই বিধায়কদের বিরুদ্ধে অধ্যক্ষের দফতরে প্রিসাইডিং অফিসার ভাস্কর যাদবের সঙ্গে দুর্ব্যবহার করার অভিযোগ আনা হয়েছিল। এরপর তাঁদের এক বছরের জন্য সাসপেন্ড করা হয়।

শুক্রবার সেই সাসপেনশনের সিদ্ধান্তকে খারিজ করে দিল শীর্ষ আদালত। বিজেপির ওই বিধায়কদের বিরুদ্ধে অভিযোগ, অধ্যক্ষের দফতরে ঢুকে অভব্য আচরণ করেন তাঁরা। বিজেপি নেতা চন্দ্রকান্ত পাটিল ও বিরোধী দলনেতা দেবেন্দ্র ফড়নবিশের সামনেই তাঁকে হেনস্তা করা হয় বলেও অভিযোগ মহারাষ্ট্রের শাসক জোটের। অধ্যক্ষের ঘরে থাকা প্রিসাইডিং অফিসারকেও হেনস্তা করার অভিযোগ ওঠে অভিযুক্ত বিধায়কদের বিরুদ্ধে। এরপর মহারাষ্ট্র বিধানসভায় পরিষদীয়মন্ত্রী অনিল পরবের প্রস্তাবে অভিযুক্ত ১২ জন বিধায়ককে সাসপেন্ড করার প্রস্তাব ধ্বনিভোটে পাশ হয়। যে বিধায়কদের সাসপেন্ড করা হয়েছিল, তাঁরা হলেন আশিস শেলার, সঞ্জয় কুতে, অতুল ভাটকাহলকার, গিরিশ মহাজন, জয়কুমার রাওয়াল, যোগেশ সাগর, পরাগ আলভানি, হরিশ পিম্পল, রাম সাতপুতে, নারায়ণ কুচে, বান্টি ভাঙাড়িয়া ও অভিমন্যু পাওয়ার।

এই সাসপেনশনের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের যান বিজেপি বিধায়করা। তাঁদের হয়ে মামলা লড়েন বিশিষ্ট আইনজীবী মুকুল রোহাতগি। মহেশ জেঠমালানিও বিধায়কদের হয়ে এই মামলায় লড়েছিলেন। শেষমেশ এদিন শীর্ষ আদালত তাদের রায়ে জানিয়েছে, ওই সিদ্ধান্ত সম্পূর্ণ অসাংবিধানিক। সেই সঙ্গে ৩ বিচারপতির বেঞ্চ জানিয়েছে, ওই বিধায়কদের সাসপেন্ড করতে মহারাষ্ট্র বিধানসভা যে বিশেষ প্রস্তাব পাশ করেছিল, তাও অবৈধ। গত সপ্তাহেই ওই নির্দেশে স্থগিতাদেশ জারি করা হয়েছিল। এদিন সেটি খারিজই করে দিল শীর্ষ আদালত। এই রায়কে স্বাগত জানিয়েছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী, বিরোধী দলনেতা দেবেন্দ্র ফড়নবিশ। তিনি জানান, ওই সিদ্ধান্ত অসাংবিধানিক। 'কৃত্রিম' সংখ্যাগরিষ্ঠতার জোরে পাওয়া ক্ষমতার অপব্যবহার করেই ওই সিদ্ধান্ত নেওয়া হয়।

দেশের করোনা
২৪ ঘণ্টায় আক্রান্ত
২,৫১,২০৯
২৪ ঘণ্টায় সুস্থ
৩,৪৭,৪৪৩
২৪ ঘণ্টায় মৃত
৬২৭

রাজ্যের করোনা
২৪ ঘণ্টায় আক্রান্ত
৩,৮০৫
২৪ ঘণ্টায় সুস্থ
১৩,৭৬৭
২৪ ঘণ্টায় মৃত
৩৪

বাংলাদেশকে ধ্বংস করার জন্য বিএনপি যুক্তরাষ্ট্রে লবিস্ট নিয়োগ করেছে : হাসিনা

শ্যামল সান্যাল ● ঢাকা

বৃহস্পতিবার রাতে সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাব ও ১৬তম অধিবেশনের সমাপ্ত আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশকে ধ্বংস করার জন্য বিএনপি যুক্তরাষ্ট্রে লবিস্ট নিয়োগ করেছে। লবিস্ট নিয়োগের অর্থের উৎস জানতে চেয়ে তিনি বলেন, 'বাংলাদেশকে ধ্বংস ও মিথ্যা অপবাদ আর অসত্য তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্ত করার জন্য তারা লবিস্ট নিয়োগ করেছে। বিদেশি ফার্মকে এই কোটি কোটি ডলার তারা পেমেন্ট করল। এই টাকা কীভাবে বিদেশে গেল? এটা কোথা থেকে এল তার জবাব অবশ্যই তাদের দিতে হবে।' লবিস্ট ফার্ম নিয়োগের তালিকা দেখিয়ে তিনি বলেন, 'এই যে তার তালিকা। এটা আমি ভাষণের অংশ হিসেবে দিয়ে যাব। কত লাখ ডলার এই বিএনপি খরচ করেছে। আমার প্রশ্ন। এই অর্থ কোথা থেকে তারা পেল? এটা তো বৈদেশিক মুদ্রা। বিএনপি এই বৈদেশিক মুদ্রা কোথা থেকে পেয়েছে। কীভাবে খরচ করেছে? লবিস্ট কীসের জন্য? যুদ্ধাপরাধীদের বিচার ঠেকানোর জন্য। নির্বাচন বানচাল করার জন্য। জঙ্গিদের রক্ষা করার জন্য। জাতির পিতার হত্যার জন্য। বাংলাদেশের ভাবমূর্তি নষ্ট করার জন্য। বাংলাদেশে এগিয়ে যাচ্ছে সেখানে বাধা দেওয়ার জন্য।' হাসিনা নির্দিষ্ট করে বলেন, কোনো ভালো কাজের জন্য নয়। সরকারের লবিস্ট ফার্ম নিয়োগ নিয়ে তিনি বলেন, 'হ্যাঁ, সব সময় পিআর ফার্ম নেওয়া হয়। যাতে বিনিয়োগ বাড়ে। উৎপাদন বাড়ে। আমরা যেন বেশি রফতানি করতে পারি। দেশের অধিকার সংরক্ষণ করার জন্য করা হয়।

তথ্য সংগ্রহ

১ পাতার পর

রেখেছিল সুপ্রিম কোর্ট। শুক্রবার মামলার শুনানির সময় সুপ্রিম কোর্টের ডিভিশন বেঞ্চ জানায়, সরকারি চাকরিতে তপশিলি জাতি ও উপজাতিদের প্রতিনিধিত্ব কম থাকলে তা নিয়ে নতুন কোনো মানদণ্ড ঠিক করে দিতে পারে না আদালত। এই সিদ্ধান্ত রাজ্যেরই। তাই তপশিলিদের পদোন্নতির ক্ষেত্রে সংখ্যাগত তথ্যের বিষয় খতিয়ে দেখার দায়িত্ব রাজ্যেরই।

■ এসএম গ্রুপের টিএমটি বার গোবিন্দর সূচনার মধ্য দিয়ে ব্যবসা বাড়ানোর পরিকল্পনা ঘোষণা করা হল শুক্রবার এক সাংবাদিক বৈঠকের মধ্য দিয়ে। এই সাংবাদিক বৈঠকে হাজির ছিলেন এসএম গ্রুপের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর মণীশ খেমকা। এসএম গ্রুপের অন্যান্য গুরুত্বপূর্ণ সদস্য যাঁরা এই সাংবাদিক বৈঠকে হাজির ছিলেন তাঁরা হলেন, ভিপি বিজনেস ডেভলপমেন্টের নীলমণি সিং, ভিপি মার্কেটিং ও সেলসের বিক্রমজিৎ সিং ও জিএম মার্কেটিং ও সেলসের অরিন্দম প্রামানিক

ধনখড়ের বিরুদ্ধে নিন্দা

১ পাতার পর

রাজ্যপাল বিধানসভার অবিচ্ছেদ্য অঙ্গ। এর আগে একাধিকবার অধ্যক্ষ অসাংবিধানিক আচরণ করেছেন। বিধানসভার কাছে যেসব বিষয়ে জানতে চাওয়া হয়েছিল তার একটিরও জবাব দেননি অধ্যক্ষ। অধ্যক্ষ সাংবিধানিক রীতিনীতি অগ্রাহ্য করছেন বলেও জানান রাজ্যপাল।

বুদ্ধদেবের পদ্মভূষণ

১ পাতার পর

বুদ্ধবাবুর সঙ্গে যোগাযোগের দায়িত্ব দেওয়া হয় কেন্দ্রীয় সরকারের কলকাতার গোয়েন্দা সংস্থাকে। সেখানকার এক আধিকারিক বুদ্ধদেবের বাড়িতে ফোন করেন। বিষয়টি জানানোর পর কোনো আপত্তি জানানো হয়নি বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে বলে খবর। যদিও বিষয়টি নিয়ে সরকারের তরফে এখনো মুখ খোলা হয়নি।

রাষ্ট্রীয় সম্মান প্রত্যাখান নিয়ে কলকাতাতেও বিতর্ক ও জল্পনা অব্যাহত। সূত্রের খবর, ঘোষণার আগে পর্যন্ত কিছুই জানতেন না আলিমুদ্দিনের কর্তারা। তাঁরা জেনেছেন সংবাদমাধ্যমের খবর থেকে। জানতেন বুদ্ধদেবের স্ত্রী মীরা ভট্টাচার্য। প্রথমে পদ্মভূষণ গ্রহণে বুদ্ধদেবেও নাকি আপত্তি ছিল না। কিন্তু রাজ্য নেতারা বিষয়টাতে মাথা গলাতেই মত বদল করেন তিনি। রাজনৈতিক মহলের ব্যাখ্যা, রাষ্ট্রীয় সম্মানের ব্যাপারে সিপিআই(এম)'এর অবস্থান ও কেন্দ্রের বিজেপি সরকারের রাজনৈতিক কৌশলের কথা বিবেচনা করেই বিবৃতি দেন বুদ্ধদেব।

এই প্রসঙ্গে বিজেপির তরফে দিলীপ ঘোষ কার্যত সিপিআই(এম)-কে দেশদ্রোহী বলে তোপ দাগেন। তিনি বলেন, 'কমিউনিস্টরা কাঁকড়ার মতো। কাউকেই ওপরে উঠতে দেয়নি। জ্যোতি বসুকে প্রধানমন্ত্রী হতে দেয়নি। সিপিএম নেতারা দেশের সম্মান নেন না। কিন্তু বিদেশ থেকে সম্মান জানানো হলে তা গ্রহণ করেন। বুদ্ধবাবুকে পদ্মভূষণ নিতে দিল না।' তাঁর দাবি, 'উনি শুধু রাজনীতিক নন, সাহিত্যিকও বটে। শুরুতেই দল বলে দিল নেওয়া যাবে না। উনি দলীয় অনুশাসন মেনে চলেন। তাই নিতে অস্বীকার করলেন।' তবে দিলীপ ঘোষরা যাই বলুন বুদ্ধদেব ভট্টাচার্যর সিদ্ধান্তকে সমর্থন করেছে বামফ্রন্টের শরিকরা। তাদের মতে, বুদ্ধদেবকে পদ্ম সম্মানের তালিকায় রাখাটা বিজেপির রাজনৈতিক কৌশল, আর সেটা ধরে ফেলেই বুদ্ধদেব পদ্মভূষণ প্রত্যাখ্যান করেছেন।

আমিও এনসিসি'র

১ পাতার পর

এই মুহূর্তে কারিয়াপ্পা ময়দানেও দেখতে পাচ্ছি। এদিন যুবসমাজের বিপুল উদ্দীপনায় এমন এক ঐতিহাসিক উৎসব উদযাপন প্রত্যক্ষ করছে দেশ।' ভারতের যে যুবশক্তিকে দেখা যাচ্ছে, তাঁরাই আমাদের সংকল্পকে বাস্তবায়িত করবে বলেও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। সাধারণতন্ত্র দিবস উপলক্ষে প্রতিবছরই ২৮ জানুয়ারি এই বিশেষ অনুষ্ঠান করে এনসিসি। আগেই প্রধানমন্ত্রীর দফতরের তরফে একটি বিবৃতিতে জানানো হয় যে, এদিন এনসিসির এই অনুষ্ঠানে অংশ নেবেন তিনি। শ্রেষ্ঠ ক্যাডেটদের মেডেল ও ব্যাটন তুলে দেবেন প্রধানমন্ত্রী। সেইমতোই এদিনের অনুষ্ঠানে হাজির হন মোদী। তাঁর মাথায় ছিল গাঢ় সবুজ রঙের পাগড়ি, চোখে কালো চশমা। এদিন প্রধানমন্ত্রী দাবি করেন, গত ২বছরে সীমান্তে এক লাখেরও বেশি ক্যাডেট পদ তৈরি করেছে তাঁর সরকার।

বুস্টার ডোজে

১ পাতার পর

ছড়ায় তাই নাক দিয়ে 'বিবিভি১৫৪' ইন্ট্রান্যাজাল ওষুধ দিলে সংক্রমণ খুব ভালো ভাবে রোখা যাবে। ডিসিজিআইয়ের বিশেষজ্ঞ কমিটি (সাবজেক্ট এক্সপার্ট কমিটি বা সিইসি) তৃতীয় পর্যায়ের বুস্টার ডোজ স্টাডির জন্য ভারত বায়োটেকের ইন্ট্রান্যাজাল কোভিড টিকাকে ছাড়পত্র দিয়েছে। ৩ সপ্তাহের মধ্যে ট্রায়ালের সম্পূর্ণ তথ্য প্রোটোকল জমা দেওয়ার নির্দেশ দিয়েছে ডিসিজিআই। ভারত বায়োটেক দ্বিতীয় ওষুধ প্রস্তুতকারক সংস্থা যারা ভারতে তৃতীয় ডোজের তৃতীয় পর্যায়ের পরীক্ষা চালানোর জন্য আবেদন জানাবে। করোনার নয়া প্রজাতি ওমিক্রন ভ্যারিয়ান্টের সংক্রমণ আক্রমণ রুখতে ইন্ট্রান্যাজাল বুস্টার ডোজ সক্ষম বলে দাবি করেছে ভারত বায়োটেক। এদেশে করোনার ৩টি টিকা কোভিশিল্ড, কোভ্যাকসিন আর স্পুটনিক ভি টিকাকে এখনো পর্যন্ত ছাড়পত্র দিয়েছে ডিসিজিআই।

বৃহস্পতিবারই শর্তসাপেক্ষে খোলাবাজারে বিক্রির জন্য কোভিশিল্ড আর কোভ্যাকসিনকে ছাড়পত্র দিয়েছিল দেশের ওষুধ নিয়ামক সংস্থা ডিসিজিআই। গত ডিসেম্বরের মাঝামাঝি ভারত বায়োটেক ক্লিনিক্যাল ট্রায়ালের জন্য ইন্ট্রান্যাজাল বুস্টার ডোজের জন্য অনুমতি চায়। গত ৫ জানুয়ারি ডিসিজিআইয়ের বিশেষজ্ঞ কমিটি তৃতীয় পর্যায়ের পরীক্ষার জন্য এই ইন্ট্রান্যাজাল টিকাকে ছাড়পত্র দিয়েছিল। সূত্রের খবর, ভারত বায়োটেক এই বুস্টার ডোজকে ৫ হাজার সুস্থ ব্যক্তির ওপর প্রয়োগ করতে চায়। এরমধ্যে অর্ধেক কোভিশিল্ড আর বাকি অর্ধেক কোভ্যাকসিন টিকার সম্পূর্ণ ডোজ নিয়েছেন। টিকার দ্বিতীয় ডোজ নেওয়ার ৬ মাস পর নেওয়া যাবে ইন্ট্রান্যাজাল বুস্টার ডোজ। শুক্রবার ডিসিজিআই ছাড়পত্র দেওয়ার পর সম্ভবত মার্চ থেকেই ন্যাজাল বুস্টার ডোজের পরীক্ষামূলক ট্রায়াল শুরু হতে পারে। কেন্দ্রের তরফে ভারত বায়োটেকের ইন্ট্রান্যাজাল টিকাকেই বুস্টার ডোজকেই ব্যবহার করার চিন্তাভাবনা করা হচ্ছে। তবে সেটা নির্ভর করছে ট্রায়ালের সাফল্যের ওপর।

পূর্ব রেলওয়ে

টেন্ডার নোটিস নং ২২২-এস/১/ডব্লু-II তারিখ ২৪.০১.২০২২। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য নিম্নোক্ত ই-টেন্ডারগুলি আহ্বান করা হচ্ছে : **ক্র. নং ১, টেন্ডার নং : টিএন-১১৪-২১-২২, কাজের নাম :** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/শিয়ালদহ-র আওতাধীনে নর্থ মেইন এবং সাউথ শাখায় সাবার্বান স্টেশন (বাগবাজার এবং শোভাবাজার)-এর উন্নয়নের অবশিষ্ট কাজ। **টেন্ডার মূল্য : ₹** ২,০৭,২০,৮৩২। **প্রদেয় বায়না অর্থ : ₹** ২,৫৩,৭০০। **ক্র. নং ২, টেন্ডার নং : টিএন-১১৫-২১-২২, কাজের নাম :** সিনিয়র ডিভিসনাল ইঞ্জিনিয়ার/শিয়ালদহ-র আওতাধীনে নিরাপত্তার উদ্দেশ্যে সিএমএস ক্রশিং, বিল্ট আপ ক্রশিং, পয়েন্টস এবং ক্রশিংস-এর সুইচ এবং স্টক এবং টাং রেল সমূহের পুনর্নির্মাণ করার কাজ। **টেন্ডার মূল্য : ₹** ৪৪,২৭,৩৭৩.৬০। **প্রদেয় বায়না অর্থ : ₹** ৮৮,৬০০। **ক্র. নং ৩, টেন্ডার নং : টিএন-১১৬-২১-২২, কাজের নাম :** সিনিয়র ডিভিসনাল ইঞ্জিনিয়ার/১/শিয়ালদহ-র অধীনে অন্যান্য সকল আনুষঙ্গিক কাজ সমেত রেস্ট রুম ও টয়লেট-এর সুবিধা তথা র‍্যাম্প সমেত ০৪টি ট্র্যাক মেশিন স্টেবলিং সাইডিং, একটি ৬ মিটার x ৪ মিটার আয়তনের শেড এবং ৭টি গ্যাং হাট ও ০৩টি ছাউনি এবং ইটের দেয়াল সমেত ট্র্যাক ড্রেন-এর ব্যবস্থা করার কাজ। **টেন্ডার মূল্য : ₹** ৯৯,৯৯,৬৪২.৮৪। **প্রদেয় বায়না অর্থ : ₹** ২,০০,০০০। **ক্র নং ৪, টেন্ডার নং : টিএন-১১৭-২১-২২, কাজের নাম :** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/১/শিয়ালদহ-র আওতাধীনে দমদম জংশন-বেলঘরিয়া স্বয়ংক্রিয় শাখায় ডুয়াল এমএসডিএসি-র ব্যবস্থা করা এবং দমদম জংশনে বয়স তথা অবস্থার ভিত্তিতে ইলেকট্রনিক ইন্টারলকিং (ইআই) ব্যবস্থার সমেত আরআরআই-এর প্রতিস্থাপন। **টেন্ডার মূল্য : ₹** ১,২১,৫২,২৯৬.৮৩। **প্রদেয় বায়না অর্থ : ₹** ২,১০,৮০০। **ক্র. নং ৫, টেন্ডার নং : টিএন-১১৮-২১-২২, কাজের নাম :** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/শিয়ালদহ-র আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/পি ওয়ে/বেলেঘাটার অধীনে ডিপ স্ক্রিনিং, টিটিআর(পি) এবং সিটিআর(পি)-র কাজ ও অন্যান্য আনুষঙ্গিক কাজ। **টেন্ডার মূল্য : ₹** ১,২২,০৮,০৪৯.১৬। **প্রদেয় বায়না অর্থ : ₹** ২,১১,১০০। **ক্র. নং ৬, টেন্ডার নং : টিএন-১১৯-২১-২২, কাজের নাম :** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/শিয়ালদহ-র আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/পি ওয়ে/ব্যারাকপুর এবং সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/পি ওয়ে/শিয়ালদহ-র শাখায় আপ মেন লাইনে কিমি ১.০০-২.০৮ = ১.০৮ টিকেএম, কিমি ০.৭৪৫-১.০০= ০.২৫৫ টিকেএম-এর এবং ডাউন মেন লাইনে কিমি ০.৭৪৬-২.০৮= ১.৩৩৪ টিকেএম-এর সিটিআর (পি), আপ মেন লাইনে কিমি ১২.০০-১৬.০০ = ৪.০০ টিকেএম-এর টিআরআরপি এবং অন্যান্য আনুষঙ্গিক কাজ সহ বিভিন্ন স্থানে টিবিআর-এর কাজ। **টেন্ডার মূল্য : ₹** ১,৪৫,৯০,১৭১.৪৩। **প্রদেয় বায়না অর্থ: ₹** ২,২৩,০০০। **ক্র. নং ৭, টেন্ডার নং : টিএন-১২০-২১-২২, কাজের নাম :** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/কাঁচরাপাড়ার আওতাধীনে বিভিন্ন স্থানে অন্যান্য আনুষঙ্গিক কাজ সমেত পিকিউআরএস এবং ডাউনে সাব কিমি ৩৩.০০ থেকে ৩৪.০০ = ১.০০ টিকেএম, আপ লাইন কিমি ৩৮.৬৪ থেকে ৪৫.২৮৩ = ৬.৯১৯ টিকেএম, কিমি ৫০.৫০০ - ৫২.০০০ = ১.৫০০০ টিকেএম, আপ মেইন লাইন কিমি ৩২.৫০০ থেকে ৩৪.২৬০ = ১.৭৬০ টিকেএম, আপ সাব কিমি ৩৫.৩০০ থেকে ৩৮.৬৪০ = ৩.৩৪০ টিকেএম, মোট ১৪.৫১৯ টিকেএম-এ হাতে হাতে এবং টিটিআর-এর কাজ। **টেন্ডার মূল্য : ₹** ২,০৯,৮৭,২০৯.১৫। **প্রদেয় বায়না অর্থ : ₹** ২,৫৫,০০০। **ক্র নং ৮, টেন্ডার নং : টিএন-১২১-২১-২২, কাজের নাম :** শ্যামনগর স্টেশনে : অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/কাঁচরাপাড়ার আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/নৈহাটি-র অধীনে দুর্ঘটনা রোধ করার পরিপ্রেক্ষিতে ইছাপুর-শ্যামনগরের মধ্যে শিয়ালদহ প্রান্তে কিমি ২৯/৯-এ ২.০০ মিটার উচ্চতার রেল ফেন্সিং এবং ব্যালাস্ট দেওয়াল নির্মাণ এবং রেলওয়ে ট্র্যাকের নিকটে প্রবেশপথ ও অন্যান্য আনুষঙ্গিক কাজ এবং টয়লেট কমপ্লেক্স এবং আরওএইচ শেড সংলগ্ন ড্রেন সহ লেডিস চেঞ্জিং রুম, পিভিসি ওয়াটার স্টোরেজ ট্যাঙ্ক ইত্যাদির ব্যবস্থা। **টেন্ডার মূল্য : ₹** ৭০,৮৮,২৬০.৬৪। **প্রদেয় বায়না অর্থ: ₹** ১,৪১,৮০০। **টেন্ডার বন্ধ হওয়ার তারিখ ও সময় :** ক্রম নং ১ থেকে ৮ : ২১.০২.২০২২ তারিখ বিকেল ৩টেয়। **সম্পূর্ণ হওয়ার মেয়াদ :** ক্রম নং ১, ২, ৩, ৪ এবং ৮ - ০৯ (নয় মাস) এবং ক্রম নং ৫ থেকে ৭ - ১২ (বারো) মাস। টেন্ডার নথি ও অন্যান্য বিশদ **www.ireps.gov.in**-তে পাওয়া যাবে। ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপ্রস্তাব উপরোক্ত ওয়েবসাইটে দাখিল করতে হবে। হাতেহাতে প্রদত্ত দরপ্রস্তাব বাতিল বলে গণ্য হবে। **টেন্ডার খোলার তারিখ ও সময় :** ২১.০২.২০২২ তারিখ ৩টে ৩০ মিনিট।

SDAH-182/2021-22

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের দেখুন : @EasternRailway Eastern Railway Headquarter

মেট্রো রেলওয়ে, কলকাতা

ভারতের রাষ্ট্রপতির তরফে ডে. সিইই/এম/কো-অর্ডিনেশন, মেট্রো রেলওয়ে, কলকাতা নিম্নলিখিত কাজের ই-টেন্ডারিংয়ের জন্য টেন্ডার আহ্বান করছেন: ৩য় রেলে পরিবর্তন এবং সীমানার প্যারামিটারগুলির প্রতি লক্ষ্য রাখা : ফেজ-II. **বিজ্ঞাপিত মূল্য:** ২৯,৮১,৯৮৩.১৮ টাকা। **বায়নামূল্য :** ৫৯,৬০০ টাকা। **বন্ধের তারিখ ও সময়:** ০১.০৩.২০২২ তারিখ দুপুর ৩টে (আইএসটি)। বিস্তারিত বিবরণের জন্য www.ireps.gov.in দেখুন।

টেন্ডার নং ইএলপি_৬৫_সিআর_তাং-৭-১-২২

NOTICE

This is to notify to all concerned that my client Indrajit Das s/o Late Nadia Binode Das is interested to purchase a piece and parcel of landed property from its lawful owner/ intending vendor Smt. Lila Shaw w/o Bishnu Kumar Shaw of Sujan Apartment, Sonarpur, District South 24 PGS situates and identified as Mouza: Kumra Khali J.L. no. 48, R.S. Khatian no. 1116, 1322 and 1323, corresponding to L.R. Khatian no. 345, R.S. DAG Nos 1651, 1678 & 1679. Green Park Development Scheme Plot Nos. 36 & 37 admeasuring about :- 6 Cottah 10 Chittack 10 square feet which has been recorded in the name of intending vendor Lila Shaw with the office of B.L & L.R.O. Sonarpur. If anybody or any authority have claims, objection over the forthcoming sale proceeding in that event please send lawful claim, objection if any with valid documents to undersignee within 7 days from the date of publish otherwise no claim, objection should not be entertained after stipulated period. No phone call will be entertained.

SIBASISH PATTANAYAK
ADVOCATE
WHATSAPP: +919874854594
POSTAL ADDRESS: Alipore Criminal Court Bar Library, 6 & 7, Kanailal Bhattacharya Sarani, P.O. & P.S. Alipore, Kolkata - 700027

পূর্ব রেলওয়ে

টেন্ডার বিজ্ঞপ্তি নং. ইএলডি-১২৫-ডব্লুসি-ওটি-২৯-২১, তারিখ: ২৭.০১.২০২২। সিনিয়র ডিভিসনাল ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার (টিআরডি), পূর্ব রেলওয়ে, হাওড়া-৭১১১০১ নিম্নলিখিত কাজের জন্য টেন্ডার নং. ইএলডি-১২৫-ডব্লুসি-ওটি-২৯-২১-এর পরিপ্রেক্ষিতে ই-টেন্ডার আহ্বান করছেন: **স্থান সহ কাজের নাম:** সিনিয়র ডিইই/টিআরডি/হাওড়ার অধীনে ৩৬ মাসের জন্য রামপুরহাট ডিপোতে টিআরডি সামগ্রী পরিবহনের জন্য ১টি মিনি ট্রাক (০২ টন ক্ষমতার লরি) ভাড়া করা। **কাজের আনুমানিক ব্যয়:** ১৬,৮৭,৩৯২ টাকা। **বায়না মূল্য জমা করতে হবে:** ৩৩,৮০০ টাকা। **কাজ সম্পূর্ণ করার সময়সীমা:** এলওএ ইস্যুর তারিখ থেকে ৩৬ মাস। **টেন্ডার বন্ধের তারিখ এবং সময়:** ১৮.০২.২০২২ তারিখ দুপুর ৩টে। **টেন্ডার খোলা:** টেন্ডার বন্ধের পরে যে কোনও সময় টেন্ডার খোলা হবে। টেন্ডারের সম্পূর্ণ বিবরণ/ স্পেসিফিকেশনের জন্য টেন্ডারদাতারা **www.ireps.gov.in** ওয়েবসাইট দেখতে পারেন এবং অনলাইনে তাঁদের বিড জমা করতে পারেন। এই টেন্ডারের ক্ষেত্রে ম্যানুয়াল অফার অনুমোদিত নয় এবং কোনও ম্যানুয়াল অফার গৃহীত হলে তা গ্রাহ্য হবে না এবং সরাসরি বাতিল করে দেওয়া হবে।

HWH-238/2021-22

পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in - এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway
Eastern Railway Headquarter

হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেড (ইন লিকুইডেশন)-এর সম্পত্তি বিক্রয়ের বিজ্ঞপ্তি
(০২.০৫.২০১৯ তারিখে মাননীয় এনসিএলটি দ্বারা জারি নির্দেশিকা অনুযায়ী কোম্পানীটি লিকুইডেশন প্রক্রিয়ার অন্তর্গত)
রেজিস্টার্ড অফিস : সাউথ টাওয়ার, চতুর্থ তল, স্কোপ মিনার কমপ্লেক্স, লক্ষ্মী নগর, ডিস্ট্রিক্ট সেন্টার, নিউ দিল্লি - ১১০০৯২

ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬ অনুযায়ী লিকুইডেশন পক্রিয়ায় থাকা (বৈদ্যুতিন নিলামের পদ্ধতির নথি দেখতে পারেন) হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেড কোম্পানীর নিম্নোক্ত সম্পত্তি বৈদ্যুতিন নিলামের মাধ্যমে ০১.০৩.২০২২ তারিখে দুপুর ১২টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে বিক্রয় করার জন্য **যেখানে যেমন সেখানে তেমন, যেটি যেমন সেটি তেমন, এটি যেমনই হোক ও কোনো পরিবর্তন ছাড়াই** বিক্রি করার জনবিজ্ঞপ্তি জারি করা হচ্ছে ও বৈদ্যুতিন নিলামের পরিষেবা দেবে এমএসটিসি লিমিটেড। অংশগ্রহণ করতে ও নাম রেজিস্ট্রেশন করাতে লগ-অন করুন www.mstcecommerce.com ও আরো বিশদে শর্তাবলী জানতে দেখতে পারেন www.mstcindia.co.in.

স্থান	ঠিকানা / এলাকা	লট	সংরক্ষিত মূল্য	ইএমডি (টাকায়)
১. নাগোয়ান পেপার মিল (এনপিএম), (এইচপিসি লিমিটেডের একটি ইউনিট) ২. কাচার পেপার মিল (সিপিএম), (এইচপিসি লিমিটেডের একটি ইউনিট) (উভয় প্ল্যান্টের টেকনিক্যাল এরিয়া, টাউনশিপ এরিয়া সহ এনপিএম ও সিপিএমে পড়ে থাকা সব সম্পত্তি) ৩. হাফলং-এ লিজহোল্ড জমি।	১. নাগোয়ান পেপার মিল, জাগিরোড টাউনের কাছে, ন্যাশনাল হাইওয়ে নং ৩৭, জেলা-মরিগাঁও, আসাম। সম্পত্তিটি কমবেশি ৫৭৩.৯৫ একর জমির ওপর রয়েছে। ২. কাচার পেপার মিল, পঞ্চগ্রাম রেলওয়ে স্টেশনের কাছে, ন্যাশনাল হাইওয়ে নং ৫৩, বদরপুর উত্তর ও দক্ষিণ, তহশিল-আগলাপুর, জেলা-হাইলাকান্দি, আসাম। সম্পত্তিটি কমবেশি ১০০৮ একর জমির ওপর রয়েছে। ৩. হাফলং, জেলা-ডিমা হাসাও। কমবেশি ১০ কাঠা (পাটা নং ২৯৫, দাগ নং ২৫) জমি।	লট-১	৪৫৯.২৭ কোটি	৪৫.৯০ কোটি
১. গুয়াহাটিতে একটি রেসিডেন্সিয়াল ফ্ল্যাট (দ্রষ্টব্য নং-১)	ফ্ল্যাট নং ১০৩, প্রথম তল, ব্লক নং - এ-১৫, ন্যাশনাল গেমস ভিলেজ, ন্যাশনাল হাইওয়ে নং -৩৭, বোরসাজি, মৌজা-বেলতলা, জেলা : কামরুপ, আসাম ১২৫০ বর্গফুট সুপার বিল্টআপ জায়গা।	লট-২	০.৪০ কোটি	৪ লাখ
১. গুয়াহাটিতে একটি রেসিডেন্সিয়াল ফ্ল্যাট (দ্রষ্টব্য নং-১)	ফ্ল্যাট নং ১০৪, প্রথম তল, ব্লক নং - এ-১৫, ন্যাশনাল গেমস ভিলেজ, ন্যাশনাল হাইওয়ে নং -৩৭, বোরসাজি, মৌজা-বেলতলা, জেলা : কামরুপ, আসাম ১২৫০ বর্গফুট সুপার বিল্টআপ জায়গা।	লট-৩	০.৪০ কোটি	৪ লাখ
১. মুম্বইয়ে একটি রেসিডেন্সিয়াল ফ্ল্যাট	ফ্ল্যাট নং ৩০১, তৃতীয় তল, বিল্ডিং নং - ১৫(অনিকেত), প্রেম জ্যোতি হাউসিং সোসাইটি লিমিটেড, অফ চেম্বুর ম্যানখুর্দ লিঙ্ক রোড, চেম্বুর, জেলা : মুম্বই, পিন - ৪০০ ০৪৩, মহারাষ্ট্র। ৬৫২ বর্গফুট পরিমাপের কার্পেট এরিয়া।	লট-৪	১ কোটি	১০ লাখ
দিল্লির অফিস (লিজহোল্ড প্রপার্টি) স্কোপের ২৪.০৮.২০২১ তারিখে লেখা চিঠি ও অন্যান্য দাবি ও শর্তাবলী অনুযায়ী লট-৫-এর নিলাম শুধুমাত্র পিএসইউ সংস্থার মধ্যে সীমাবদ্ধ থাকবে।	স্কোপ মিনার, চতুর্থ তল, সাউথ টাওয়ার, কোর-৪, লক্ষ্মী নগর, ডিস্ট্রিক্ট সেন্টার, নিউ দিল্লি - ১১০০০২ কমবেশি ৫৪৭.৬৪ বর্গমিটার	লট-৫	৬.৮৯ কোটি	৬৫ লাখ
নাগাল্যান্ড পাল্প অ্যান্ড পেপার কোম্পানি লিমিটেড-এর ১০০ টাকা করে ১, ১৩,৬২,২৩১টি ইকুটি শেয়ার।	নাগাল্যান্ড পাল্প অ্যান্ড পেপার কোম্পানি লিমিটেড (CIN - U21012NL1971SGC001349), রেজি. অফিস- পেপার নগর, পো : তুলি, জেলা : মোকোকচুং, নাগাল্যান্ড-৭৯৮৬২৩	লট-৬	১০.০৬ কোটি	১ কোটি

দ্রষ্টব্য :
১। এখানে শুধু বিক্রির চুক্তিই হয়ে রয়েছে ও উক্ত ফ্ল্যাটটি হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেড-এর নামে নথিভুক্ত নয়।
ইওআই জমা দেওয়ার শেষ দিন : ০৮.০২.২০২২, বিকেল ৫টা। কোনো ইওআই ০৮.০২.২০২২ তারিখের মধ্যে জমা না পড়লে নিলাম বাতিল হয়ে যাবে। http://hindpaper.in এই ওয়েবসাইটে আপলোড করে ইওআই চেয়ে নেওয়া হবে। এছাড়া সমস্ত বিষয়ে যোগাযোগ করবেন এই ই-মেল আইডিতে : kuverma@gmail.com / liquidation.hpcl@gmail.com.

কুলদীপ বর্মা
হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেডের লিকুইডেটর
আইবিবিআই রেজিস্ট্রেশন নং- আইবিবিআই / আইপিএ-০০১ / আইপি-পি০০০১৪ / ২০১৬-১৭ / ১০০৩৮
রেজিস্টার্ড ঠিকানা : ৪৬ বি.বি গাঙ্গুলী স্ট্রিট, পঞ্চম তল, ইউনিট নং- ৫০১, কলকাতা- ৭০০০১২
রেজিস্টার্ড ই-মেল : kuverma@gmail.com, ফোন : +৯১ ৯৮৩৬০ ৭৭৯০০
তারিখ : ২৯.০১.২০২২, স্থান : কলকাতা